

গ্রাহক দায়বদ্ধতা - অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেন

আর্থিক সাক্ষরতা
জুন ৪-৮, ২০১৮

আপনি কি আপনার ব্যাঙ্ক একাউন্ট বা ডেবিট/ক্রেডিট কার্ড-এ কোন প্রতারণা বা অননুমোদিত লেনদেন-এর শিকার হয়েছেন?

ভয় পাবেন না, নিজেকে এবং নিজের ব্যাঙ্ককে সুরক্ষিত করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি অনুসরণ করুন।

১। এস এম এস বা ইমেল-এর মাধ্যমে, বা শাখায় গিয়ে অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেন-এর কথা ব্যাঙ্ককে জানান। আপনি জানাতে যত দেরী করবেন, আপনার বা আপনার ব্যাঙ্কের ক্ষতির সম্ভাবনা তত বেশী।

২। অভিযোগের স্বীকৃতিপত্র সংগ্রহ করুন।

৩। অভিযোগ পাওয়ার ৯০ দিনের মধ্যে তার সমাধান আবশ্যিক।

নিজের দায়বদ্ধতা জানুন

আপনার অবহেলা#

যতক্ষণ না অভিযোগ জানাচ্ছেন > আপনার ক্ষতি

অভিযোগ জানানোর পর > ব্যাঙ্কের ক্ষতি

ব্যাঙ্কের অবহেলা

ব্যাঙ্কের ক্ষতি

৩টি কাজের দিনের মধ্যে অভিযোগ জানালে* > আপনার কোন দায়বদ্ধতা নেই

তৃতীয় পক্ষের চ্যুতি

৪টি থেকে ৭টি কাজের দিনের মধ্যে* > লেনদেন-এর সামগ্রিক অর্থ, বি এস বি ডি একাউন্টের ক্ষেত্রে সর্বাধিক ৫০০০ টাকা এবং সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা ক্রেডিট কার্ডের (৫ লাখ টাকা ক্রেয়সীমা পর্যন্ত) ক্ষেত্রে সর্বাধিক ১০,০০০ টাকা।

৭টি কাজের দিনের পর* > ব্যাঙ্কের নিয়মানুযায়ী।

* ব্যাঙ্কের থেকে জানার পর অভিযোগ জানাতে যে সময় লেগেছে

যেমন পাসওয়ার্ড, পিন নম্বর, ওটিপি ইত্যাদি অন্যদের জানানো।

কিছু গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখা দরকার

- এস এম এস এবং ইমেল সতর্কীকরণের জন্য রেজিস্টার করুন
- আপনার ব্যাঙ্কের শাখার ফোন নাম্বার, টোল ফ্রী হেল্পলাইন, ইমেল, ঠিকানা জেনে রাখুন

আর্থিক সাক্ষরতা • সমৃদ্ধির পথ

নিজের
দায়বদ্ধতা জানুন



বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
www.rbi.org.in